যুগান্তর

তারিখ ... 21 JUL 2017 ...
পৃষ্ঠা ... ২৩ ...

কল্যাণ ট্রাস্টের নামে বেতন কর্তন

# সারা দেশে শিক্ষকদের বিক্ষোভ মানববন্ধন

**যুগান্তর ডেস্ক**

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের ১০ শতাংশ অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্টের জন্য কর্তনের সিদ্ধান্তের প্রতিবাদ, শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণসহ বিভিন্ন দাবিতে আন্দোলন শুরু হয়েছে। বৃহস্পতিবার শিক্ষক-কর্মচারী ঐক্যফ্রন্ট, মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশনস ও বিভিন্ন সংগঠনের উদ্যোগে সারা দেশে মানববন্ধন ও সমাবেশ করা হয়েছে। কর্মসূচিতে অবিলম্বে অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্টের নামে বেতন কর্তনের সিদ্ধান্ত বাতিলের দাবি জানানো হয়। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**সিলেট ব্যুরো :** শিক্ষক সমিতির মানববন্ধন কর্মসূচিতে কলেজ শিক্ষক সমিতির কেন্দ্রীয় যুগ্ম-সম্পাদক অধ্যাপক সুজাত আলী রফিক সভাপতিত্ব করেন। সহ-সাংগঠনিক সম্পাদক ও সিলেট মহানগর সভাপতি ■ পৃষ্ঠা ২৩ : কলাম ৫

# সারা দেশে শিক্ষকদের বিক্ষোভ মানববন্ধন

(শেষ পৃষ্ঠার পর)

অধ্যাপক আবদুল জলিলের পরিচালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন— কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক উপাধ্যক্ষ সুবল চন্দ্র দাশ, সিলেট মহানগর আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যাপক জাকির হোসেন, সমিতির জেলা সভাপতি অধ্যাপক এমএ রহিম প্রমুখ।

**খুলনা ব্যুরো :** সমাবেশে সভাপতিত্ব করেন জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের খুলনা জেলা সমন্বয়কারী অধ্যাপক মো. আলমগীর কবির। বক্তৃতা করেন— বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি খুলনা জেলা সাধারণ সম্পাদক অধ্যাপক আবুল কালাম আজাদ বুলু, রঞ্জন কুমার তরফদার, ড. সাইদুর রহমান, আবদুল মতিন, আসিফ ইকবাল, এসএম ইমরান হোসেন, সুবীর কুমার রায় প্রমুখ।

**ময়মনসিংহ ব্যুরো :** মানববন্ধন পরবর্তী সমাবেশে বক্তব্য রাখেন— জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের জেলা শাখার আহ্বায়ক অধ্যক্ষ একেএম রিজাউল কিবরিয়া হিরু, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক মানিক লাল সাহা, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি জিএমএম মোফাচ্ছেরুর রহমান মঞ্জু, সাধারণ সম্পাদক টিআইএম বদরুদ্দৌলা সিদ্দিক ফরহাদ, অধ্যক্ষ মেজর শাহাবউদ্দিন, জালাল উদ্দিন প্রমুখ।

**বরিশাল ব্যুরো :** বরিশালে মানববন্ধনে সভাপতিত্ব করেন বাংলাদেশ মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশন বরিশাল জেলা শাখার সভাপতি মো. নজরুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্য রাখেন কেন্দ্রীয় কমিটির মহাসচিব মো. মহিউদ্দিন হাওলাদার। বক্তব্য রাখেন— জেলা শাখার সাধারণ সম্পাদক এমডি শান্ত, আ. লতিফ হাওলাদার, এমএ আ. রব, আতিকুর রহমান প্রমুখ।

**সিরাজগঞ্জ :** শিক্ষক-কর্মচারী ঐক্যফ্রন্টের উদ্যোগে মানববন্ধনে সভাপতিত্ব করেন অধ্যাপক ইকবাল বাহার। বক্তব্য রাখেন— ফ্রন্টের সদস্য সচিব অধ্যাপক রহমতুল্লাহ আইয়ুব, ড. আবদুস সবুর, অধ্যাপক বাবু সমীর কুমার পাল, সহকারী অধ্যাপক আল্পনা ভৌমিক, শরিফুল ইসলাম, রাসেল নোমান প্রমুখ।

**সাতক্ষীরা :** মানববন্ধনে বক্তব্য রাখেন— সাতক্ষীরা জেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ আবদুর রহমান, অধ্যক্ষ খান আশরাফ আলি, অধ্যক্ষ আবু সাঈদ, অধ্যক্ষ এনামুল ইসলাম, অধ্যক্ষ শহিদুল ইসলাম, অধ্যাপক মোবাশ্বেরুল হক জ্যোতি প্রমুখ।

**শেরপুর :** মানববন্ধনে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট শেরপুর জেলা শাখার আহ্বায়ক মো. গোলাম মোস্তফা, যুগ্ম-আহ্বায়ক মো. মুহসীন আলী আকন্দ, সদর উপজেলা সভাপতি মো. চান মিয়া, সাধারণ সম্পাদক একেএম শাহানুর হাবীব, শ্রীবরদী উপজেলা সভাপতি মোজাফফর আলী, সম্পাদক রেজাউল করীম প্রমুখ উপস্থিত ছিলেন।

**জামালপুর :** জামালপুর শহরের দয়াময়ী চত্বরে জেলা শিক্ষক-কর্মচারী ঐক্যফ্রন্ট আয়োজিত ঘণ্টাব্যাপী মানববন্ধনে বক্তব্য রাখেন— অধ্যক্ষ একেএম মোস্তাফিজুর রহমান মুক্তা, আবদুল হামিদ, শিক্ষক আমির প্রমুখ।

**পটুয়াখালী :** আয়োজিত সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন— সংগঠনের জেলা শাখার সভাপতি মো. সোহরাব হোসেন, মো. শহীদুল ইসলাম, লিয়ার হোসেন, মো. জসিম উদ্দিন, মাসুদ পারভেজ প্রমুখ।

**মানিকগঞ্জ :** মানববন্ধনে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ দেলোয়ার হোসেন। বক্তব্য রাখেন— অ্যাসোসিয়েশনের মানিকগঞ্জ শাখার সভাপতি মো. আমিরুল ইসলাম খান আলোক, সহ-সভাপতি আশরাফুল ইসলাম, সম্পাদক মো. আবু বকর সিদ্দিক প্রমুখ।

**নাটোর :** বেসরকারি শিক্ষক-কর্মচারী ঐক্যফ্রন্ট নাটোরের সভাপতি মো. আবদুর রাজ্জাকের সভাপতিত্বে বক্তব্য রাখেন— সাধারণ সম্পাদক মো. হায়দার আলী শেখ, অধ্যক্ষ গোলাম মহিউদ্দিন টিপু, অধ্যক্ষ মো. শফিকুল কবির, প্রধান শিক্ষক মো. আলিম উদ্দিন প্রমুখ।

**উল্লাপাড়া (সিরাজগঞ্জ) :** মাদ্রাসা জেনারেল টির্চাস অ্যাসোসিয়েশনের উদ্যোগে মানববন্ধনে জাবেদ আলীর সভাপতিত্বে বক্তব্য রাখেন— মাসুদ রানা, লেলিন কামাল, আবদুল হাই, রাজু আহমেদ সাহান প্রমুখ।